মেহেরপুরে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

মেহেরপুরে যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

রবিবার সকালে শাহাদত বার্ষিকী উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বিশেষভাবে তৈরি মঞ্চে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, মিলাদ মাহফিল, দোয়া ও রক্তদান কর্মসূচীর মধ্যদিয়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, জেলা ও দায়রা জজ এসএম আব্দুস সালাম ও পুলিশ সুপার মোঃ রাফিউল আলম প্রথমে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে পুস্পমাল্য অর্পণ করেন। এরপর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান জেলাবাসীর পক্ষে এবং পরে জেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

পুষ্পমাল্য অর্পণ অনুষ্ঠানে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, মেহেরপুর জেলা আওয়ামী লীগ,স্বাস্থ্য বিভাগের পক্ষে মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মোঃ নাসির উদ্দীন,পৌরসভা ও যুবলীগের পক্ষে, মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন,জেলা পরিষদের পক্ষে জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর সদর উপজেলা ও পৌর আওয়ামীলীগের পক্ষে উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, আওয়ামী সেচ্ছাসেবক লীগ, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের পক্ষে সুপার ডাঃ মোঃ রফিকুল আলম, পুস্পমাল্য অর্পণ করেন। মেহেরপুর জেলা মহিলা লীগ, মেহেরপুর সরকারী কলেজ, মেহেরপুর এলজিইডি, গণপূর্ত বিভাগ, সড়ক ও জনপথ বিভাগ, পাসপোর্ট অফিস, জেলা আইনজীবী সমিতি মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর এনজিও সমিতি পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাফিজ-আল-আসাদ, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, (সার্কেল)

অপু সরোয়ার,সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহ্বায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান, ডিবির ওসি জুলফিকার আলীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানরা সেখানে উপস্থিত ছিলেন।

কুমারখালীতে পাটজাগের নিচে চাপা পড়ে কৃষকের মৃত্যু

কুষ্টিয়ার কুমারখালীতে পাটের জাগ সরাতে গিয়ে পানির তীব্র স্রোতে জাগের নিচে চাপা পড়ে কিতাব উদ্দিন (৬০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে।

শনিবার দুপুরে উপজেলার বাগুলাট ইউনিয়নের নিতাইলপাড়া ক্যানালে এই ঘটনা ঘটে। স্থানীয়রা দীর্ঘ ৩ ঘন্টা খোঁজাখুঁজির পর বিকেলে তার মরদেহ উদ্ধার করে। নিহত কৃষক কিতাব উদ্দিন বাগুলাট ইউনিয়নের ভড়ুয়াপাড়া গ্রামের মৃত খোদাবক্সের ছেলে।

এলাকাবাসী জানান, গত শুক্রবার রাতে প্রচুর বৃষ্টিপাতের কারণে জাগ দেয়া পাটের বাঁধন খুলে গিয়ে ছত্রভঙ্গ হয়ে গেলে সকালের দিকে কিতাব উদ্দিন তার এক ভাতিজাকে সাথে নিয়ে ক্যানালের পানিতে জাগ দেয়া পাট একত্রিত করার চেষ্টা করেন।

এসময় ক্যানালের পানির তীব্র স্রোতে তিনি পাটের নীচে চলে গিয়ে আর বের হতে না পারলে স্থানীয়রা সকাল থেকে তাকে অনেক খোঁজাখুঁজির পর বিকেলের দিকে পানি থেকে মৃত অবস্থায় উদ্ধার করেন।

এ বিষয়ে কুমারখালী থানার অফিসার ইনচার্জ কামরুজ্জামান তালুকদার জানান, পাটের জাগ সরাতে গিয়ে পানিতে তলিয়ে বৃদ্ধ কৃষক মারা গেছেন। লাশ তাদের স্বজনদের নিকট হস্তান্তর করা হয়েছে।

উদ্যোক্তাদের নিয়ে গঠিত অনলাইন কেনাবেচা কালিগঞ্জ গ্রুপের এক বছর পূর্তি

ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলায় তরুণ উদ্যোক্তাদের নিয়ে গঠিত অনলাইন কেনাবেচা কালিগঞ্জ গ্রুপের এক বছর পূর্তি উপলক্ষ্যে শুক্রবার দিনব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন অসহায় দের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ শেষে বিকালে নিশি ইলেকট্রনিক এ আয়োজন করা হয় আলোচনা সভা ও কেক কর্তন অনুষ্ঠান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নিশি ইলেকট্রনিক এর ওনার মো নুরুল ইসলাম বাবু, সাংবাদিক ও ঝিনাইদহ উদ্যোক্তা বাজার গ্রুপের এডমিন মো সফিকুল ইসলাম জুয়েল,অনলাইন কেনাবেচা কালিগঞ্জ গ্রুপের এডমিন মো রোমেল পারভেজ প্রান্ত, মডারেটর আহসান হাবীব দোলন, ফারুক নোমানি, মনির আল আমিন ফ্রেশ ফুডের সসত্ত্বাধিকারী আল আমিন উদ্যোক্তাদের নিয়ে গঠিত ২২ হাজারের সদস্য গ্রুপ উদ্যোক্তা তৈরির পাশাপাশি মানবিক কাজ করে বেশ সুনাম কুড়িয়েছে কালিগঞ্জ উপজেলায়। বৃক্ষরোপন, করোনাকালে অসহায়দের মাঝে খাবার বিতরণ, মাস্ক বিতরণ সহ নানান কাজ করে চলেছে।

ঝিনাইদহে সাংবাদিকদের মাঝে চেক বিতরণ

ঝিনাইদহে কর্মরত ১৮ জন সংবাদকর্মীদের মাঝে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট্রের আর্থিক সহযোগিতার চেক বিতরণ করা হয়েছে। গত বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

এতে জেলা প্রশাসক মজিবর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

পরে জেলার ৬ উপজেলায় কর্মরত ১৮ জন সংবাদকর্মীদের হাতে প্রত্যেককে ১০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। করোনাকালে এ উপহার পেয়ে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান তারা।

ঝিনাইদহে সড়কে ছিনতাইকারীদের হামলায় ভ্যান চালক আহত

ঝিনাইদহের কোটচাঁদপুর-জীবননগর সড়কে দেশীয় অস্ত্র হাতে ছিনতাইকালে ছিনকাইকারীদের হামলায় শহিদুল ইসলাম সিডু (৫০) নামে এক ভ্যান চালক আহত হয়েছেন।

বৃহস্পতিবার (১২ আগষ্ট) রাত ১০ টার দিকে কোটচাঁদপুর-জীবননগর সড়কের কাটাখালি- জগনাথপুর নামক স্থানে অবস্থিত পুলিশ বক্সের অদূরে এঘটনা ঘটে। এসময় ছিনতাইকারীরা দেশীয় অস্ত্র দিয়ে কুপিয়ে ভ্যান চালককে আহত করে পালিয়ে যায়। পথচারীরা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করে। আহত ভ্যান চালক সিডু মহেশপুর উপজেলার আজমপুর ইউনিয়নের ৪ নং আলামপুর গ্রামের মৃত জাফর আলীর ছেলে।

আহত ভ্যান চালক সিডু জানান, বৃহস্পতিবার রাত ৯ টার দিকে কোটচাঁদপুর মেইন বাসষ্টান্ড থেকে ৩ জন যাত্রী নিয়ে খালিশপুরে যায়। ফিরে আসার সময় রাত পৌনে ১০ টার দিকে কাটাখালি- জগনাথপুর নামক স্থানে পৌছালে চলন্ত গাড়িতে মুখোশপরা অবস্থায় ১ জন যাত্রী উঠে। কিছুদূর পর আরো একজন যাত্রী উঠে আমাকে থামতে বলে।

আমি দ্রুত গতিতে ভ্যান চালালে তারা আমাকে আস্তে যেতে বলে। এর কিছুক্ষণ পর সড়কের পার্শ্ব থেকে দুইজন ব্যাক্তি এসে আমার ডান হাতে দেশীয় অস্ত্র (ছুরি) দিয়ে কোপ দেয়। ঘটনাস্থলে বিপরিত দিক

থেকে আসা দুই মোটরসাইকেল আরোহী দেখে তারা পালিয়ে যায়।

এসময় আমার আত্মচিৎকারে বারোমাসা নতুন পাড়ার লোকজন ছুটে আসে। তারা আমাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করে। ভ্যান চালন শহিদুল বলেন, ঘটনাস্থলে কোটচাঁদপুর-মহেশপুর থানার পুলিশ বক্স থাকলেও কোন পুলিশ সদস্য ডিউটিরত ছিল না।

আহতের ছেলে জালালুদ্দিন বলেন, এঘটনায় আমার বাবা সুস্থ্য হলেই সংশ্লিষ্ঠ থানায় অভিযোগ করা হবে। এদিকে স্থানীয়রা জানান, কোটচাঁদপুর-জীবননগর সড়কের এই স্থানে প্রায়ই ডাকাতি-ছিনতাইয়ের ঘটনা ঘটছে। এব্যাপারে মহেশপুর থানার ওসির মোবাইলে যোগাযোগ করে তাকে পাওয়া যায়নি।

হিন্দু সম্প্রদায়ের উপর হামলার প্রতিবাদে গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত

খুলনার রুপসার শিয়ালিসহ সারাদেশে আদিবাসি ও হিন্দু এবং ধর্মীয় জাতিগত সংখ্যালঘুদের উপর হামলা-ভাঙচুর,লুটপাট,হত্যা ও জবরদখলের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ডের রেজাউল চত্বরে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা পূজা উদযাপন পরিষদ ও সচেতন নাগরিক সমাজ মানববন্ধনের আয়োজন করে।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন,বিশিষ্ট ছড়াকার ও গাংনী সরকারী ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক রফিকুর রশীদ রিজভী,সাবেক সহকারী অধ্যাপক ও গাংনী উপজেলা সুজন-এর সভাপতি আব্দুর রশীদ,বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর জেলা

কমিটির সভাপতি কমরেড আব্দুল মাবুদ,বিশিষ্ট আওয়ামী লীগ নেতা ইয়াছিন রেজা,গাংনী পৌরসভার সাবেক প্যানেল মেয়র নবীরুদ্দীন।

এছাড়াও বক্তব্য রাখেন জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ,ওয়ার্কার্স পার্টির জেলা কমিটির সদস্য কমরেড মজনুল হক মজনু,দি উপজেলা হিন্দু হরিজন সম্প্রদায়ের সাধারণ সম্পাদক সাধন কুমার বিশ্বাস,ওয়ার্কার্স পার্টির নেতা কমরেড আব্দুর রহিম,সাবেক ছাত্রলীগ নেতা আনিসুজ্জামান লুইস,সমাজ সেবক জাহিদ বিপ্লব,জেলা যুবমৈত্রীর সাংগঠনিক সম্পাদক শামসুজ্জামান প্রমুখ।

মানববন্ধনে অংশগ্রহণ করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ-এর গাংনী এলাকা সমন্বয়কারী হেলাল উদ্দীন,চাঁদপুর পূজা উদযাপন কমিটির সভাপতি শিপন,গাঁড়াডোব পূজা উদযাপন কমিটির সভাপতি বাসুদেব,বামন্দী পূজা উদযাপন কমিটির সভাপতি ও রাবি ছাত্র রাম প্রসাদ,হিন্দু সম্প্রদায়ের অন্যতম নেতা শ্রী রাম দাশ ও অরুন সাহা প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন,হিন্দু-মুসলিম বা অন্য কোন ধর্মের মধ্য হানাহানি চাইনা। ভেদাভেদ-হানাহানি না করে সকলকে মানুষ হিসাবে থাকতে হবে।

সাংবাদিক হাসমতকে হত্যার হুমকিদাতাকে চিহ্নিত করে গ্রেফতারের দাবী

দর্শনা প্রেসক্লাবের সদস্য, যায়যায়দিন ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার প্রতিনিধি হাসমত আলীকে মুঠো ফোনে অজ্ঞাত সন্ত্রাসীরা হত্যার হুমকি দিয়েছে।

এ ঘটনায় থানায় সাধারণ ডায়েরী করেছেন হাসমত আলী। হুমকিদাতাকে চিহ্নিত করে গ্রেফতারের দাবী তুলে দর্শনা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়েছে জরুরী বৈঠক। বুধবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক

সমিতির যৌথ আহ্বানে অনুষ্ঠিত বৈঠকের সভাপতিত্ব করেন ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজরুল ইসলাম, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম ব্লিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ।।

সাংবাদিক আজিম উদ্দিনের আত্নার মাগফেরাত ও ডালিমের সুস্থতা কামনায় দোয়া মাহফিল

দর্শনা প্রেসক্লাবের সাবেক সহসভাপতি আজিম উদ্দিন আহমেদের আত্নার মাগফেরাত কামনা ও যমুনা টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি আরিফুল ইসলাম ডালিমের সুস্থতা কামনা করে দর্শনা প্রেসক্লাবে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাত ৯ টার দিকে দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠিত দোয়া মাহফিল অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজল। সংক্ষিপ্ত আলোচনা করেন, ক্লাবের সভাপতি মনির“জ্জামান ধীর, সাধারণ সম্পাদক হার“ন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজর“ল ইসলাম, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, চঞ্চল

মেহমুদ, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম বিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ। দোয়া পরিচালনা করেন সাংবাদিক এফএ আলমগীর।

মেহেরপুরে সাংবাদিক ফজলুল হক মন্টুর পিতার ইন্তেকাল

মেহেরপুরে মায়ের মৃত্যুর মাত্র চার দিনের ব্যবধানে মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সভাপতি ফজলুল হক মন্টুর পিতা ইসাহাক মিয়া
(৮২) ইন্তেকাল করেছেন।(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বুধবার সন্ধ্যার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। গুরুতর অসুস্থ অবস্থায় সন্ধ্যার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল হাসপাতালে নেওয়ার পর পরই তিনি মৃত্যুবরণ করেন।

উল্লেখ্য গত শুক্রবার ফজলুল হক মন্টুর মাতা শাহানারা বানু মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

দামুড়হুদায় মোবাইল ফোনে সাংবাদিককে হত্যার হুমকি

দুর্বৃত্তদের ! থানায় জিডি

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের সাংবাদিক হাসমত আলীকে মোবাইল ফোনে হত্যার হুমকি দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার ভোরে ৪টি মোবাইল নম্বর থেকে তাকে এই হত্যার হুমকি দেওয়া হয়েছে।

তিনি উপজেলার কুড়ুরগাছি গ্রামের আবু তালেবের ছেলে ও দৈনিক যায়যায়দিন পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি। এ ঘটনায় গতকাল মঙ্গলবার দুপুরে সাংবাদিক হাসমত আলী বাদী হয়ে দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করেছেন।

সাংবাদিক হাসমত আলী জানান, মঙ্গলবার ভোরে তিনি দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি নিজ বাড়িতে শুয়ে ছিলেন। এ সময় ০১৫১৮৭৬৪০৮৯ নম্বর মোবাইল থেকে তাকে ফোন করে হত্যার হুমকি প্রদর্শন করে। এসময় আমি ফোনটি কেটে দিয়। পরবর্তীতে আরও ০১৫১৮৭৬৪৯৯৩, ০১৫১৮৭৬৪৭৮৫, +১৯৭১০১৯৫২ তিনটি নাম্বার থেকে আমাকে ফোন দিয়ে হত্যার হুমকি প্রদর্শন করেছে।

ঘটনার পর আমি নিরাপত্তাহীনতায় ভুগছি।এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু ও সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন বলেন, সাংবাদিক হাসমত আলীকে হত্যার হুমকি দেওয়ায় আমরা উদ্বিগ্ন প্রকাশ করছি। হত্যার হুমকি দেওয়ার ঘটনার সাথে যারা জড়িত তাদেরকে দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি জানিয়েছেন।